

ALL INDIA RADIO, AGARTALA

Date: 12-03-2026

Time: 07:35-07:40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

EC Team-Dharmnagar :

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের তিন সদস্যের টিম রাজ্যে এসে পৌঁছেছেন। তারা আজ সকালে ধর্মনগর পৌঁছে প্রশাসন ও আরক্ষা দপ্তরে উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। বৈঠকে তারা ধর্মনগর বিধানসভা কেন্দ্রে আসন্ন উপ নির্বাচনে ভোটগ্রহণের প্রস্তুতি বিস্তারিতভাবে পর্যালোচনা করবেন। প্রতিটি ভোটকেন্দ্রে ভোটারদের স্বাচ্ছন্দ্যের জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে, বিশেষভাবে সক্ষম ভোটারদের জন্য নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুযায়ী কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে, সে সম্পর্কে তারা বিস্তারিত খোঁজখবর নেবেন। তাছাড়া নির্বাচন কমিশনের আধিকারিকগণ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গেও বৈঠক করতে পারেন। নির্বাচন কমিশনের এই টিমে রয়েছেন প্রিন্সিপাল সেক্রেটারি এন টি ভুটিয়া, সেক্রেটারি সন্তোষ কুমার দুবে ও সেকশন অফিসার বিজয় গুপ্তা।

Jana Sunbai :

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে ধর্মনগরে জেলাভিত্তিক মহিলা জনশুনানি আগামীকাল অনুষ্ঠিত হবে। ধর্মনগরের সার্কিট হাউসে আয়োজিত এই কর্মসূচিতে সভাপতিত্ব করবেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা। মহিলা সংক্রান্ত অভিযোগগুলির দ্রুত নিষ্পত্তি করা এবং অভিযোগকারীদের জেলা প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষের সাথে সরাসরি কথা বলার সুযোগ করে দেওয়ার লক্ষ্যেই এই জনশুনানি কর্মসূচির আয়োজন করা হয়েছে। এদিকে ত্রিপুরা মহিলা কমিশন এবং ধলাই জেলা প্রশাসনের যৌথ ব্যবস্থাপনায় গতকাল আমবাসা পঞ্চায়েতরাজ ট্রেনিং ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয় মহিলা জনশুনানি কর্মসূচী। সেই সাথে অনুষ্ঠিত হয় রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প বিষয়ে বিশেষ সচেতনতা শিবির।

Petroleum Ministry :

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা বলেছেন ভারতের অপরিশোধিত সরবরাহ নিরাপদ এবং দেশের অপরিশোধিত আমদানির প্রায় ৭০ শতাংশ এখন হরমুজ প্রণালীর বাইরে থেকে আসছে। গতকাল নয়াদিল্লিতে পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে আল্‌তঃমন্ত্রক আলোচনায় তিনি একথা বলেন। তিনি আরও বলেন, ভারত এখন ৪০টি দেশ থেকে অপরিশোধিত তেল আমদানি করে। পাশাপাশি তেল বিপণন সংস্থাগুলি বিভিন্ন উৎসের মাধ্যমে বিভিন্ন অপরিশোধিত পণ্য সংগ্রহ করেছে।

MMD COLLEGE :

সার্কুম মাইকেল মধুসূদন দত্ত কলেজে গতকাল শিল্প ও বাণিজ্য দপ্তরের সহায়তায়, সার্কুম জেলা শিল্প কেন্দ্রের উদ্যোগে প্রধানমন্ত্রী এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম, স্বাবলম্বন ও প্রধানমন্ত্রী ক্ষুদ্র খাদ্য প্রক্রিয়াকরণ এন্টার প্রাইজ-সহ বিভিন্ন স্কিমের সুযোগ সম্পর্কিত এক সচেতনতামূলক কর্মসূচির অয়োজন করা হয়। পৌরহিত্য করেন কলেজ অধ্যক্ষ □. অনুপম গুহ।

Yarn Distribution :

গোমতী জেলার অমরপুর মহকুমায় গতকাল ৭৩৫ জন জনজাতি মহিলার হাতে বিনামূল্যে সুতা বিতরণ করা হয়। পাশাপাশি প্রশিক্ষণ প্রাপ্ত কুড়ি জন জনজাতিমহিলাকে শংসাপত্র প্রদান করা হয়। জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে চেলাগাংমুখ কলোনি মঞ্চে হাই স্কুল মাঠে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক রঞ্জিত দাস বলেন, এই কর্মসূচির মাধ্যমে জনজাতি মহিলাদের স্বনির্ভরতার পথে আরও এক ধাপ এগিয়ে যাওয়ার পথ সুগম হবে।

Meeting On Disaster Management :

আসন্ন বর্ষা মরসুম ও সম্ভাব্য কালবৈশাখী ঝড়কে সামনে রেখে সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সার্বিক প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে গতকাল ভেলিয়ামুড়া মহকুমা শাসকের কার্যালয়ে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। অতিরিক্ত মহকুমা শাসক রূপাঞ্জন দাসের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বিভিন্ন দপ্তরের

প্রস্তুতি, করণীয় পদক্ষেপ এবং সমন্বিত কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শ্রী দাস সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে সমন্বয় বজায় রেখে দ্রুত ও কার্যকরভাবে কাজ করার ওপর গুরুত্ব আরোপ করেন।

Blood Donation :

জম্পুইজলা মহকুমার অন্তর্গত বুখুরুই কমিউনিটি হলে গতকাল এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। জম্পুইজলা মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন জম্পুইজলা বি এ সি'র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা। শিবিরে ১৫ জন রক্তদান করেন। এদিকে ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল বিলোনিয়া টাউন হলে নেশামুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে জেলাভিত্তিক আলোচনাসভা ও রক্তদান শিবিরের সূচনা করেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত।

IMD- Dr. Jitendra Singh :

ভূ-বিজ্ঞান প্রতিমন্ত্রী ঃ জিতেন্দ্র সিং বলেছেন যে ভারতীয় আবহাওয়া বিভাগ, আইএমডি দিনে চারবার ভারী বৃষ্টিপাত এবং ঘূর্ণিঝড় সম্পর্কিত ঘটনার জন্য জেলাভিত্তিক পূর্বাভাস আপডেট করে। লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে ঃ সিং বলেন, সময়মতো আবহাওয়া পর্যবেক্ষণ এবং তথ্য প্রচারের জন্য আইএমডি রিয়েল-টাইম আবহাওয়া-সম্পর্কিত সতর্কতা এবং গ্রাফিক্যাল পণ্য তৈরি করে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস।
